গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

প্রশাসন শাখা

www.bsbk.gov.bd

টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা-১২১৫

সর্বোচ্চ অগ্রাধিকার

সীমিত

স্মারক নম্বর: ১৮.১৫.০০০০.০২০.১৮.০১০.২০.৩০১

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৮
২০ মে ২০২১

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগসমূহের ফেব্রুয়ারি, ২০২১ মাসের কার্যাবলি সম্পর্কিত মাসিক প্রতিবেদনে অর্ন্তভুক্ত সুপারিশসমূহ বাস্তবায়ন।**

সূত্র: (১)মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং – ০৪.০০.০০০০.৩২১.১৬.০০২.২১.৭৯,তারিখঃ ০৭/০৩/২০২১।

(২) নৌ-পরিবহন মন্ত্রনালয়ের ১৩-০৪-২০২১ তারিখের ১৮.০০.০০০০.০১৮.১৬.০০৩.২০.৩৫ নং স্মারক

বর্ণিত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে Rules of Business, 1996-এর Rule 25 (1)অনুযায়ী প্রণীত মন্ত্রণালয়/বিভাগসমূহের ফেব্রুয়ারি, **২০২১** মাসের কার্যাবলি সম্পর্কিত মাসিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত সুপারিশসমূহের আলোকে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণ ও বাস্তবায়নে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

সুপারিশ নং-(১)এর আলোকে (জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে):

১। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের আওতাধীন সকল স্থলবন্দরের অফিস ও প্রাঙ্গণে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা;

২। সরকারি/বেসরকারি হাসপাতালে এ কর্তৃপক্ষের নিয়মিত কর্মকর্তা-কর্মচারিগণের অসুস্থতায় রোগনির্ণয়সহ (Diagnosis) চিকিৎসাসুবিধার ব্যবস্থাকরণ;

৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে জনস্বার্থে স্থলবন্দরসমূহের কার্যক্রম ও সেবা প্রদানের ওপর বন্দর বার্তা প্রকাশ;

৪। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের সার্বিক উন্নয়ন ও কার্যাবলীর ওপর প্রস্তুতকৃত Documentary জনস্বার্থে কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের পাশাপাশি বেনাপোল স্থলবন্দরের আন্তর্জাতিক প্যাসেঞ্জার টার্মিনালে প্রচারের ব্যবস্থাকরণ;

৫। স্থলবন্দরের কার্যক্রম ও সেবাসমূহ জনসম্মুখে তুলে ধরার জন্য স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর সঙ্গে সঙ্গতি রেখে সর্ববৃহৎ বেনাপোল স্থলবন্দরে একটি মেলার আয়োজন ;

৬। সকল স্থলবন্দরে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন ;

৭। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের আওতাধীন সকল স্থলবন্দরে ১০ (দশ)টি করে বনজ, ফলদ, ঔষুধি বৃক্ষ রোপন;

৮। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের কর্মকর্তা কর্মচারীদের সম্মিলিত অংশগ্রহণে স্বাস্থ্যবিধি মেনে বঙ্গবন্ধুর আদর্শ ও জীবনীর ওপর একটি সেমিনার আয়োজন ;

৯। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী-কে কেন্দ্র করে বেনাপোল স্থলবন্দরে জনস্বার্থে ও জনকল্যাণে স্বাস্থ্য বিভাগের সহায়তায় রক্তদান কর্মসূচির উদ্যোগ গ্রহণ;

সুপারিশ নং-(২)এর আলোকে:

করোনার দ্বিতীয় ওয়েভ মোকাবেলায় 'নো মাস্ক-নো সার্ভিস' স্লোগান বাস্তবায়ন নিশ্চিতের লক্ষ্যে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের প্রধান কার্যালয় এবং এর আওতাধীন বন্দরসমূহে 'নো মাস্ক-নো সার্ভিস' কার্যক্রম বাস্তবায়নে অধিকতর গুরুত্বারোপ করতে হবে। একই সাথে উক্ত স্লোগান উন্মুক্ত স্থানে টানানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

সুপারিশ নং-(৩)এর আলোকে:

কোভিড-১৯ মহামারির দ্বিতীয় ওয়েভ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে জীবনযাপন নিশ্চিতকরণ এবং করোনা পরীক্ষার জন্য জনগণকে

উদ্বুদ্ধ করতে জনসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে কর্তৃপক্ষের সকল কর্মকর্তা-কর্মচারীকে সহায়ক ভূমিকা রাখতে হবে। এতদবিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনযোগ্যঃ

১। ব্যাক্তিগত সুরক্ষামূলক সরঞ্জামের ব্যবহার(যেমন গ্লভস, মাস্ক, চশমা) ফেইস শিল্ড, পিপিই পরিধান করতে হবে। করোনা(কভিড-১৯) সন্দেহভাজন বা নিশ্চিত রোগীর সাথে যোগাযোগের আগে ও পরে এবং গ্লভস ও পিপিই পরিধানের আগে ও পরে হাত জিবানুমুক্ত করতে হবে।

২। গণপরিবহন পরিহার করা। নিকট দূরত্বে অফিস হলে হেটে চলাচল করা। ব্যাক্তিগত বা অফিসের গাড়ীতে শীততাপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন করা থাকলে যথাসম্ভব বন্ধ রাখা এবং কিছুক্ষন পর পর জানালা খুলে বাতাস চলাচল স্বাভাবিক রাখা এবং গাড়ীতে শারীরিক দূরত্ব (নূন্যতম ৩ ফুট) বজায় রাখতে হবে।

৩। ভবনে প্রবেশের সময় ইনফেরাড থার্মোমিটারের মাধ্যমে শরীরের তাপমাত্র নিরুপনের কজে নিয়োজিত নিরাপত্তার কর্মীর সহোযগিতা করা। প্রধান কার্যালয় এবং এর আওতাধীন স্থলবন্দরসমূহের অফিসকক্ষের মেঝে, জানালা, দরজা, হাতল, চেয়ার ইত্যাদি পরিস্কার ও জিবানুমুক্ত রাখতে হবে।

৪। হাতের স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। অফিসে প্রবেশের সময় সাবান দিয়ে কমপক্ষ্যে ২০ সেকেন্ড ধরে হাত ভালোভাবে ধৌত করা। নিজের মুখ, চোখ অপ্রয়োজনে স্পর্শ করা থেকে বিরত থাকা। শ্বাস-প্রশ্বাস/হাঁচি কাশি শিষ্ঠাচার মেনে চলতে হবে।

৫। সহকর্মীদের রুমে আশা-যাওয়া যথাসম্ভব পরিহার করা এবং কাজের ক্ষেত্রে প্রয়োজনীয় আলাপে মোবাইল বা ইন্টারকম ব্যবহার করা।

৬। স্যানিটাইজার দিয়ে অফিসের দরজার হাতল, কীবোর্ড, মাউস পরিস্কার রাখা। দাপ্তরিক কার্যক্রম যথাসম্ভব অনলাইন/ই-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে;

৭। স্থলবন্দরসমূহ পরিস্কার এবং বর্জ্য ব্যবস্থাপনা সাথে জড়িত ব্যাক্তিদের সংক্রমন প্রতিরোধ কিংবা কমানোর জন্যসংক্রমন নিয়ন্ত্রন অনুশীলনটি অনুসরণ করা উচিৎ (সতর্কতার মানদন্ডসহ) সন্দেহজনক ভ্রমনকারীদের সংস্পর্শে যাহাই আসুক না কেন তা সংক্রামক বর্জ্য হিসেবে বিবেচিত হবে। জ্বর(৯৯ ডিগ্রি বা তার বেশি), শুকনা কাশি, গলা ব্যাথা,শ্বাস কষ্ট, শরীর খারাপ লাগা, সর্দিভাব, বুক ব্যাথা, মাথা ব্যাথা, পাতলা পায়খানা, ডাইরিয়া, মুখে স্বাদ না থাকা, নাকে গন্ধ না পাওয়া প্রভৃতি উপসর্গসমূহের মধ্যে অন্তত ২(দুই)টি থাকলে অথবা মুখে স্বাদ বা নাকে গন্ধ না পেলে দ্রুত করোনা পরীক্ষা করার জন্য সকলকে অবহিত করতে হবে। এতে করে ব্যাক্তি নিজে নিরাপদ থাকবে এবং পরিবারের অন্যান্য সদস্যকে এবং আশপাশের সকলকে নিরাপদ রাখা সম্ভব হবে;

সুপারিশ নং-(৪)এর আলোকে:

কোভিড-১৯-এর অর্থনৈতিক প্রভাব মোকাবিলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি প্রণোদনা ও অর্থনৈতিক পুনরুদ্ধার প্যাকেজ বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখতে ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।

২০-৫-২০২১
আনিসুল ইসলাম
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ : জ্ঞাতার্থে/ কার্যার্থে

১) সদস্য (উন্নয়ন), উন্নয়ন বিভাগ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

২) সদস্য (ট্রাফিক), ট্রাফিক বিভাগ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

৩) সদস্য (অর্থ ও প্রশাসন), অর্থ ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

৪) পরিচালক (অডিট) , অডিট শাখা , বাংলাদেশ স্থল

বন্দর কর্তৃপক্ষ
৫) পরিচালক (ট্রাফিক), ট্রাফিক শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
৬) পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
৭) পরিচালক (হিসাব), হিসাব শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
৯) সচিব, বোর্ড শাখা , বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
১০) পরিচালক (ট্রাফিক), বেনাপোল স্থলবন্দর, বেনাপোল, যশোর।
১১) উপ-পরিচালক(ট্রাফিক), ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা/ বুড়িমারী স্থলবন্দর, পাটগ্রাম লালমনিরহাট
১২) কর্মকর্তা সকল, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা
১৩) কর্মচারী সকল, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা

স্মারক নম্বর: ১৮.১৫.০০০০.০২০.১৮.০১০.২০.৩০১/১(২)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৮ / ২০ মে ২০২১

প্রয়োজনীয় অবগতি/কার্যার্থে অদেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো।
১) একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়-এর দপ্তর, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২) এস্টেট অফিসার , প্রশাসন শাখা, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

২০-৫-২০২১
আনিসুল ইসলাম
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)